

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ ইনোভেশন অফিসার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ০২ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।
সময় : বিকাল ৩.০০ মিনিট।
সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি ইনোভেশন টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ৫.১ কার্যক্রম অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা ০৩ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও তথ্য বাতায়নে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। উল্লেখ্য, অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করা হয়েছিল এবং ১৬ (ষোল) টি অধিদপ্তর-দপ্তর-সংস্থা হতে ১৯ (উনিশ) টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা পাওয়া গেছে। প্রাপ্ত ১৯ (উনিশ) টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা যাচাই-বাছাই করা প্রয়োজন। এছাড়া ৬.১ কার্যক্রমে ১৯ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি এবং ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে একটি ডিজিটাল সেবা চালুর কার্যক্রম রয়েছে। ইতোমধ্যে ১৫ অক্টোবর ২০২০ তারিখে “মামলা সংক্রান্ত ডাটাবেইজ” উদ্ভাবনী উদ্যোগটির পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি করা হয়েছে। “মামলা সংক্রান্ত ডাটাবেইজ” উদ্ভাবনী উদ্যোগটি ডিজিটাল সেবা হিসেবে ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে চালু করা যেতে পারে। এছাড়া “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদান প্রদান” সংক্রান্ত কার্যক্রমটি “একসেবা” এ অন্তর্ভুক্ত করে ডিজিটাল সেবারূপে চালু করা যেতে পারে। ১২.১ কার্যক্রমে উল্লেখিত ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন হিসেবে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক গৃহিত “কলেজের গভর্নিং বডি অনুমোদন সহজিকরণ” কার্যক্রমটি বাস্তবায়নের অফিস আদেশ ইতোমধ্যে জারি করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক পাইলটিং বাস্তবায়নের পরবর্তীতে উক্ত সেবাটি সকল শিক্ষা বোর্ডে সম্প্রসারণ/রেপ্লিকেশন এর চূড়ান্ত অফিস আদেশ জারি করা হবে। উদ্ভাবনী উদ্যোগ/ধারণা ও অন্যান্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

৩.১ প্রাপ্ত ১৯ (উনিশ) টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা যাচাই-বাছাইক্রমে ০৬ (ছয়) টি উদ্যোগ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্বাচিত হয়;

- ৩.২ ০৬ (ছয়) টি উদ্ভাবনী উদ্যোগ ০৩ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং এ বিভাগের তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে;
- ৩.৩ ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে ডিজিটাল সেবা হিসেবে “মামলা সংক্রান্ত ডাটাবেইজ” চালু করতে হবে;
- ৩.৪ অতি দ্রুত সময়ে “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদান প্রদান” সংক্রান্ত কার্যক্রমটি “একসেবা” এ অন্তর্ভুক্ত করে ডিজিটাল সেবারূপে চালু করতে হবে;
- ৩.৫ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক গৃহিত “কলেজের গভর্নিং বডি অনুমোদন সহজিকরণ” কার্যক্রমটির পাইলটিং দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ হাসানুল ইসলাম, এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও
চিফ ইনোভেশন অফিসার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০.১২৩

তারিখ: ১৭ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
৩. উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. উপসচিব (বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. সিনিয়র সহকারী সচিব (সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬১৫৮
apashed17@gmail.com